



কায়েতপাড়া ইউনিয়ন কৃষকদলে নতুন নেতৃত্ব, আহ্বায়ক ফেরদৌস, সদস্য সচিব সোহেল



সোহেল রানা, ফেরদৌস ফরহাদ। ছবি: প্রতিনিধি

নারায়ণগঞ্জের রূপগঞ্জ উপজেলার কায়েতপাড়া ইউনিয়ন কৃষকদলের নতুন কমিটি গঠন করা হয়েছে। ফেরদৌস ফরহাদকে আহ্বায়ক ও সোহেল রানাকে সদস্য সচিব করে ৫১ সদস্য বিশিষ্ট এই কমিটি ঘোষণা করা হয়। কমিটির অনুমোদন দেন রূপগঞ্জ উপজেলা কৃষকদলের সভাপতি শাহ আলম বেপারী এবং সাধারণ সম্পাদক ওবায়দুর রহমান।

কমিটির বিভিন্ন পদে আরও যারা আছেন তাদের মধ্যে রয়েছেন সিনিয়র যুগ্ম আহ্বায়ক মোঃ উজ্জল মিয়া, যুগ্ম আহ্বায়ক ফেরদৌস, নাঈম, ফরিদুল ইসলাম, রিপন খন্দকার, মুক্তার হোসেন এবং কার্যকরী সদস্য হাফিজুর রহমান শ্যামলসহ আরও অনেকে।

নবনির্বাচিত সদস্য সচিব সোহেল রানা বলেন, "বাংলাদেশ জাতীয়তাবাদী দল বিএনপির সহযোগী সংগঠন কৃষকদলের কায়েতপাড়ার সদস্য সচিব হিসেবে দায়িত্ব দেওয়ায় দলের সকল ধরনের সিদ্ধান্ত এবং নির্দেশনা মোতাবেক কার্যক্রম চালাবো। দলকে আরো সুসংগঠিত করার জন্য কাজ করব। দলের নিরীহ নির্যাতিত এবং ত্যাগী কর্মীদের নিয়ে এগিয়ে যাবো।"

নবনির্বাচিত আহ্বায়ক ফেরদৌস ফরহাদ বলেন, "কৃষকদল সব সময় কৃষক এবং মেহনতী মানুষের পাশে থাকবে। এজন্য সকল শ্রেণী পেশার মানুষের সহযোগিতা প্রয়োজন।"